দামুড়হুদায় দেড় বিঘা জমির ফলন্ত পেঁপে বাগান কেটে দিল দুর্বৃত্তরা

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় এক হতদরিদ্র কৃষকের দেড় বিঘা জমির ফলন্ত পেঁপে বাগান রাতের আঁধারে কেটে নষ্ট করে দিয়েছে দুর্বৃত্তরা। এতে প্রায় ৪ লাখ টাকার ক্ষতি হয়েছে বলে দাবি ভুক্তভোগীর।

ভুক্তভোগী কৃষক ইসরাফিল হোসেন (৫৪) গোবিন্দপুর গ্রামের মৃত বরকত মন্ডলের ছেলে। তিনি উপজেলার গোবিন্দপুর নিমতলা ও বড়গালা মাঠে লিজ নেওয়া জমিতে পেঁপে চাষ করে জীবিকা নির্বাহ করতেন।

জানা গেছে, উপজেলার হাউলী ইউনিয়নের গোবিন্দপুর নিমতলা মাঠে ১০ কাঠা এবং বড়গালা মাঠে ১ বিঘা মোট দেড় বিঘা জমিতে ছিল তার স্বপ্নের পেঁপে বাগান। নিজের কোনো আবাদি জমি না থাকায় অন্যের জমি লিজ নিয়ে এই চাষাবাদ করছিলেন তিনি।

ইসরাফিল জানান, গত শনিবার বিকাল ৫টার দিকে তিনি বাগান ঘুরে দেখেন, তখন সবকিছু স্বাভাবিক ছিল। কিন্তু পরদিন রবিবার সকাল ৭টার দিকে স্থানীয়দের মাধ্যমে খবর পান, তার পুরো পেঁপে বাগান কেটে নষ্ট করে দেওয়া হয়েছে। ঘটনাস্থলে গিয়ে তিনি দেখেন, ফলন্ত গাছগুলো নির্মমভাবে কেটে ফেলে দেওয়া হয়েছে।

তিনি আরও বলেন, “আমার চারটা ছেলে-মেয়ে, ভিটে ছাড়া কোনো জমি নেই। জমি লিজ নিয়ে চাষ করি। এখন আমার কী হবে? আমি কী করব? সব শেষ হয়ে গেল।”

ভুক্তভোগীর অভিযোগ, এটি একটি পরিকল্পিত ঘটনা। এর আগেও তার ভুট্টা ক্ষেত কেটে নেওয়ার ঘটনা ঘটেছে এবং গ্রামের মানুষ জানে কারা করেছে। তিনি দাবি করেন, এলাকার কিছু প্রভাবশালী ব্যক্তি চান না গরিব মানুষ স্বাবলম্বী হোক। ফলে বারবার এ ধরনের ঘটনার শিকার হচ্ছেন তিনি। শুধু তিনি নন, আরও গরিব কৃষকের জমির ফসল এভাবে নষ্ট করা হয়, কিন্তু কেউ বিচার পান না।

এ ঘটনায় এলাকায় চরম ক্ষোভ ও উদ্বেগ বিরাজ করছে। স্থানীয়রা দ্রুত

দোষীদের শনাক্ত করে আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন। ভুক্তভোগী কৃষক ইসরাফিল হোসেন জানান, তিনি এ বিষয়ে থানায় লিখিত অভিযোগ করেছেন এবং প্রশাসনের জরুরি হস্তক্ষেপ কামনা করেছেন।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ শেখ মেসবাহ্ উদ্দিন বলেন, “এ বিষয়ে একটি অভিযোগ পেয়েছি। তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।”

দামুড়হুদা জয়রামপুর কৃষকের রাতের আঁধারে পেঁপে বাগান কেটে দিয়েছে দুর্বৃত্তরা

দামুড়হুদা জয়রামপুর রাতের আঁধারে কৃষকের পেঁপে বাগান কেটে দিয়েছে দুর্বৃত্তরা। আজ সোমবার সকাল ১১টার সময় ভুক্তভোগী বাদি হয়ে দামুড়হুদা মডেল থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করে।

অভিযোগ সুত্রে জানাগেছে, দামুড়হুদা উপজেলার জয়রামপুর শেখ পাড়ার খন্দকার আব্দুর রহমানের ছেলে খন্দকার মানিক (৩৫) জয়রামপুর রামপুরচাড়া মাঠে বিগত এক বছর পূর্ব থেকে ২ বিঘা জমি বন্ধক নিয়ে চাষাবাদ করে আসছে। গতকাল রবিবার দিবাগত গভীর রাতে কে বা করা অজ্ঞাতনামা দুর্বৃত্তরা পেঁপে বাগানে অনুপ্রবেশ করে ধরন্ত ফুলন্ত ২০০ টি পেঁপে গাছ কেটে দিয়েছে। এতে প্রায় ৩ লক্ষ টাকার ক্ষয় ক্ষতি হয়েছে। তারা চাষাবাদ করে জীবিকা নির্বাহ করে। সাম্প্রতিক সময়ে দুর্বৃত্তরা বিভিন্ন স্থানে জমির ফসল নষ্ট করছে বলে বিভিন্ন পত্র পত্রিকায় সংবাদ প্রকাশ হয়েছে। সংবাদ পেয়ে দামুড়হুদা মডেল থানার পুলিশ ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা ঘটনাস্থল পরিদর্শন করেন।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা হুমায়ুন কবির বলেন, এটা খুবই দুঃখ জনক ঘটনা। অভিযোগ পেয়েছি। তদন্ত পূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।